গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২১-৩৬০

তারিখ: ২০ চৈত্র ১৪২৯ / ০৩ এপ্রিল ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৮০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী' উপ-খাত হতে সিলেট সিটি কর্পোরেশনের অনুকূলে এককালীন অর্থ অবমুক্তি।

চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা' খাতে (কোড নং-২২১০০০৮০০) বরাদ্দকৃত অর্থের অনুমোদিত বিভাজন অনুযায়ী **'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী'** উপ-খাত (অর্থনৈতিক কোড নং-৪১১১৩১৭) হতে সিলেট সিটি কর্পোরেশনে বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলের কারণে ক্ষতিগ্রস্থ অবকাঠামো সংস্কারের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনা অনুযায়ী **সিলেট সিটি কর্পোরেশনের অনুকূলে** এককালীন **২.০০ কোটি (দুই কোটি) টাকা** নিম্নোক্ত শর্তে অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। এ ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৮০০ 'সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০৮ আগস্ট ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৩৫৭, ২৩ নভেম্বর ২০২২ তারিখের ০৭.১১১.০১৪. ০১.০১.০০৩.২০১১-৪৫০ এবং ১৮ জানুয়ারি ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-১৮ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে;
৩. অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এ অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

০৩.০৪.২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২১-৩৬০/১(১২)

তারিখ: ২০ চৈত্র ১৪২৯ / ০৩ এপ্রিল ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃ. আ. উপসচিব (বাজেট-১১ শাখা)]।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাক।
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক (পরিকল্পনা, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন), স্থানীয় সরকার বিভাগ।
৫. যুগ্মসচিব (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মন্ত্রী'র একান্ত সচিব(যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৮. উপসচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।
১০. মেয়রের একান্ত সচিব, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।

০৩.০৪.২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব